

আমাদের ভাষা

শীতলক্ষ্য নদীর গভীরতা আমার জানা
শীতলক্ষ্য নদীর কলরব আমি বুঝি
কী ব্যথা তার প্রতি ঘূর্ণিতে!

আমারও বুকের ভেতর জলের ঘূর্ণি ওঠে
ধাস-প্রাসে শনশন্ কাব্য
আউস ক্ষেতের হাওয়া

জ্যোৎস্না রাতে
আমি নদী এবং হাওয়া
জলের ধারে যাই

আমরা তিন জন
বাংলা ভাষায় মনের কথা বলি।

খগেন্দ্র দাস

